ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

20 DECEMBER 2024 7:35 AM IST

===========================================================================

গুয়াহাটী হাইকোর্ট আসামে পঞ্চায়েত নির্বাচনের বিজ্ঞপ্তি জারী করার ক্ষেত্রে রাজ্য নির্বাচন কমিশনের ওপর ৯ই জানুয়ারী পর্যন্ত নিষেধাজ্ঞা আরোপ করেছে । আসাম সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ পঞ্চায়েতের সমষ্টি পুনরনির্ধারণ সম্পর্কে গত তেসরা আগস্ট জারি করা বিজ্ঞপ্তির প্রত্যাহ্বান জানিয়ে জারি করা বেশ কয়েকটি লিখিত আবেদন সম্পর্কে বিচারপতি সৌমিত্র শইকিয়ার আদালত এই নির্দেশ জারি করে । আবেদনকারীরা কোনো একটি অঞ্চলে বৃহৎ জনসংখ্যা একই পঞ্চায়েতের অধীনে অর্ন্তভুক্ত করা সহ বেশকয়েকটি সংশোধিত বিধির বৈধতার প্রত্যাহ্বান জানিয়েছিলো । আদালত এই মামলার পরবর্তী শুনানীর দিন আগামী ৯ই জানুয়ারী ধার্য করেছে এবং ততদিন পর্যন্ত পঞ্চায়েত নির্বাচনের বিজ্ঞপ্তি জারি না করতে রাজ্য নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছে ।

---

রাজ্যের শিক্ষকরা এখন থেকে বিদ্যালয় চলাকালীন ব্যাক্তিগত কাজে সচিবালয় , সঞ্চালকালয় , জেলা কার্যালয় , শিক্ষা খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যালয়ে যেতে পারবেন না বলে রাজ্যের বিদ্যালয় শিক্ষা বিভাগ নির্দেশ জারি করেছে । বিদ্যালয় শিক্ষা বিভাগের সচিব

নারায়ন কোঁয়রের স্বাক্ষরিত এই নির্দেশে স্কুল ছুটির পর শিক্ষকরা ব্যক্তিগত কাজে এইসব স্থানে যেতে পারবেন বলে জানানো হয়েছে । স্কুলে নিয়মিত পাঠদান সহ শিক্ষা সংক্রান্ত নিয়মানুবর্তিতা বজায় রাখার স্বার্থে এই নির্দেশ কঠোরভাবে মেনে চলতে বলা হয়েছে ।

---

রাজভবনের সামনে এখন থেকে কোনধরণের বিক্ষোভ কার্যসূচী পালন করা যাবে না বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানিয়েছেন । মূখ্যমন্ত্রী বলেন যে প্রতিবাদ সাব্যস্ত করার জন্য ইতিপূর্বে নির্দিষ্ট স্থান নির্ধারণ করে দেওয়া হয়েছে । রাজ্যপালের সাংবিধানিক পদমর্যাদা দলীয় রাজনীতির উর্ধে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী অভিযোগ করে বলেন যে গত বুধবার কংগ্রেস দলের নেতারা পুলিশের বেষ্টনী ভঙ্গ করে রাজভবনে বলপূর্বক প্রবেশ করার প্রয়াস করা সহ বিশৃঙ্খলার সৃষ্টি করেছিল । পুলিশ এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

এদিকে রাজধানী দিসপুরে আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার জন্য গুয়াহাটী পূর্ব জেলার উপ আয়ুক্ত মৃণাল ডেকা বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন । ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ নম্বর ধারার অধীনে ৫ জনের বেশী লোকের সমাগম , অনুমতি ছাড়া প্রতিবাদ , শোভাযাত্রা , শ্লোগান দেওয়ার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব গতকাল শিলচর ট্রাঙ্ক রোডে ডিষ্ট্রিক্ট আর্লি ইনটারভেনশন সেন্টারের উদ্বোধন করেছেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রী যাদব বলেন যে শূন্য থেকে ১৮ বছর বয়স পর্য্যন্ত শিশুদের এই হাসপাতালে চিকিৎসা পরিষেবা প্রদান করা হবে , যার ফলে জেলা হাসপাতাল ও শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে এখন থেকে ভীড় অনেকটা কম হবে । গতকাল প্রথম দিন ২৪৯ টি শিশুর চিকিৎসা করা হয় । উদ্বোধনী অনুষ্ঠানে জেলার যুগ্ম সঞ্চালক ডক্টর আশুতোষ কুমার বর্মন , সতীন্দ্র মোহন দেব সিভিল হাসপাতালের সুপার ডক্টর অরূপ পাটোয়া ,মহামারী স্বাস্থ্য আধিকারীক ডক্টর শিবানন্দ রায় প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমির জেলা কৃষি আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জেলার পি এম কিষান হিতাধিকারীদের আগামী ২৮শে ডিসেম্বরের মধ্যে আলু চাষের হিতাধিকারী হিসেবে প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় নাম পঞ্জীয়ন করার আহ্বান জানিয়েছেন । বিজ্ঞপ্তীতে হিতাধিকারীদের নিকটবর্তী কমন সার্ভিস সেন্টার , কৃষি সখী , জীবিকা সখী , এস বি আই জেনারেল ইন্সুরেন্স কোম্পানী , রামকৃষ্ণনগরের মহকুমা কৃষি আধিকারীকের কার্য্যালয় বা শ্রীভূমি জেলা কৃষি আধিকারীকের কার্য্যলয়ে যোগাযোগ করে নাম পঞ্জীয়ন করতে হবে । নাম নথিভুক্ত না করলে , হিতাধিকারীরা পি এম কিষান সম্মান নিধি যোজনার সুবিধা থেকে বঞ্চিত হতে পারেন বলে জানানো হয়েছে ।

---

কাছাড়ের জেলা উন্নয়ন আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে অরুনোদয় পক্ষ পালনের অঙ্গ হিসেবে লক্ষীপুর , উধারবন্দ ও ধলাই বিধানসভা কেন্দ্রের গ্রাম সভা ও বুথ সভা আগামীকাল অনুষ্ঠিত হবে ।

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে এবং ইয়াসি স্বেচ্ছাসেবী সংগঠনের সহযোগীতায় আগামী ২২শে ডিসেম্বর চেংকুড়ি গ্রামের চেংদূয়ারে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

হাইলাকান্দি পূর্ত বিভাগের জাতীয় সড়ক শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে পাওয়ার গ্রিডের ১৩২ কে ভি বৈদ্যুতিক লাইন উত্তর কাঞ্চনপুর এলাকায় মেরামতির জন্য আগামী ২২শে ডিসেম্বর ৬ নম্বর জাতীয় সড়কের ধলেশ্বর বাইপাস দিয়ে সকাল নটা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত সব ধরনের যান চলাচল বন্ধ রাখা হবে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে বর্তমান বাইপাসের পশ্চিম দিকে থাকা পুরনো ধলেশ্বর সড়ক দিয়ে ঐইদিন যানবাহন চলাচল করতে পারবে ।

---